দামুড়হুদার মোক্তারপুরে প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয় দলের তরুণ অলরাউন্ডার ইয়াসির আরাফাত মিশুর আগমনে দামুড়হুদার মোক্তারপুরে প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল ৩ টার দিকে মোক্তারপুর ঈদগাহ মাঠে প্রীতি ক্রিকেট ম্যাচটি অনুষ্ঠিত হয়।

ম্যাচে অংশগ্রহণ করে মোক্তারপুর ক্রিকেট একাডেমি বনাম আমঝুপি ক্রিকেট একাডেমি। টচে জিতে নির্ধারিত ১৪ ওভারের বিনিময়ে ব্যাট করতে মাঠে নামে মোক্তারপুর ক্রিকেট একাডেমি।

মোক্তারপুর ক্রিকেট একাডেমির পক্ষে ব্যাট করে জাতীয় দলের খেলোয়াড় ইয়াছির আরাফাত মিশু। ১৪ ওভারের বিনিময়ে মোক্তারপুর ক্রিকেট একাডেমি ১’শ রান সংগ্রহ করে। ১০১ রানের টার্গেট নিয়ে মাঠে নেমে সবকটি উইকেট হারিয়ে ৬০ রান সংগ্রহ করে আমঝুপি ক্রিকেট একাডেমি।

মোক্তারপুর যুবসমাজের আয়োজনে ম্যাচ শেষে পুরস্কার বিতরণ করা হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হযরত আলি, মোক্তারপুর ৮নং ওয়ার্ড আ.লীগের সাধারণ সম্পাদক সাইদুর রহমান টোকন, জুলফিকার আলি মাস্টার, দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রী কলেজ ছাত্র লীগের যুগ্ম আহ্বায়ক এম এ করিম, যুবলীগ নেতা রনি।

ম্যাচ সেরা খেলোয়াড় নির্বাচিত হয় জাতীয় দলের খেলোয়াড় ইয়াসির আরাফাত মিশু। ম্যাচটিতে আম্পেয়ারের দায়িত্বে ছিলেন শহিদুল ইসলাম ও সাগর। স্কোরে ছিলেন আব্দুর রহমান ও রাসেল। ধারাভাষ্যে ছিলেন মিজানুর রহমান, আলিম ও মামুন।

দামুড়হুদায় নদী থেকে অবৈধ বাঁধ অপসারণ, এক জেলের কারাদণ্ড

চুয়াডাঙ্গার দামুড়হুদায় মাথাভাঙ্গা নদীতে অবৈধ বাঁধ উচ্ছেদে অভিযান চালিয়েছে ভ্রাম্যমাণ আদালতের বিচারক নির্বাহী ম্যাজিস্ট্রেট দিলারা রহমান। গতকাল মঙ্গলবার দুপুরে উপজেলার রঘুনাথপুর মাথাভাঙ্গা নদী থেকে এই বাঁধ অপসারণ শুরু করা হয়।

উপজলার সুবলপুর থেকে বাস্তপুর পর্যন্ত প্রায় ১০টি বাঁধ ও কোমর অপসারণ করা হয়। এসময় অবৈধ ভাবে নদীতে বাঁধ দেওয়ায় অপরাধে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে দন্ডবিধির ১৮৬০ সালের ১৮৮ ধারায় সাইফুল ইসলাম (৩৫) নামে এক জনের সাঁত দিনের বিনাশ্রম কারাদণ্ডাদেশ দিয়েছে আদালতের বিচারক দামুড়হুদা উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট ও নির্বাহী অফিসার দিলারা রহমান। সাইফুল ইসলাম দামুড়হুদার সুবলপুর গ্রামের আজগার আলির ছেলে।

আদালত সূত্রে জানা গেছে, দামুড়হুদা উপজেলার উপর দিয়ে বয়ে যাওয়া মাথাভাঙ্গা নদীতে অবৈধ ভাবে বাঁধ ও কোমর ঘিরে অবাধে মাছ শিকার করা হচ্ছে। নদীতে আড়াআড়ি বাঁধ দিয়ে নদীর স্রোত বাঁধাগ্রস্থ করে মাছ শিকার আইনগতভাবে সম্পূর্ণ নিষিদ্ধ। নদীতে আড়াআড়িভাবে বাঁধ দেয়ার কারণে স্রোত বাঁধাগ্রস্থ হয়ে পলি পড়ে নদীর তলদেশ ভরাট হচ্ছে।

এছাড়াও মাছের ছোট ছোট পোনা মা মাছ ধরা পড়ার কারণে বিলিন হচ্ছে দেশীয় প্রজাতির মাছ। নদী ও দেশীয় প্রজাতীর মাছ রক্ষার্থে এই অভিযান চালানো হয়।
এসময় উপস্থিত ছিলেন উপজেলা মৎস্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত) আয়ুব আলি ও ক্ষেত্র সহকারী হসিবুল হাসান সুজন।

দামুড়হুদায় এসিল্যান্ড হিসেবে সুদীপ্ত সিংহ’র যোগদান

দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) হিসেবে সুদীপ্ত সিংহ যোগদান করেছেন। গতকাল মঙ্গলবার সকালে জেলা প্রশাসকের কার্যালয় থেকে তিনি অফিসিয়াল ভাবে দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) হিসেবে যোগদান করেন।

তিনি মাগুরা জেলার সদর উপজেলার সুবোধ সিংহ’র ছেলে ও ৩৫তম বিসিএস ক্যাডার। এর আগে তিনি কুড়িগ্রাম জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় ও জীবননগর উপজেলা সহকারী কমিশনার(ভূমি) হিসেবে কর্মরর্ত ছিলেন।

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় নিহত ১

আলমডাঙ্গা সদর থানার বোয়ালমারী গ্রামে গত সোমবার সন্ধ্যা ৭ টার দিকে সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছে গড়গড়ি গ্রামের সাব্বির (১৮)।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের কালুর ছেলে সাব্বির (১৮) গত দেড় মাস পূর্বে একই ইউনিয়নের কেষ্টপুর গ্রামে বিবাহ করে।

সাব্বির গত কয়েকদিন পূর্বে তার স্ত্রীকে বাপের বাড়িতে বেড়াতে নিয়ে যায়। গতকাল মঙ্গলবার সাব্বির তার স্ত্রীকে নিয়ে বাড়ি ফেরার কথা থাকলেও গত সোমবার সন্ধ্যায় শ্বশুরের দেওয়া টাকা নিয়ে বন্ধুদের সাথে নিয়ে চুয়াডাঙ্গায় পোশাক কিনতে যায়। সাব্বির মোটরসাইকেল চালালেও তার সাথে ছিলো আরো দুই বন্ধু।

দ্রুত গতিতে ছুটে চুয়াডাঙ্গার পথে বোয়ালমারী মাঠের নিকট মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা লাগে। ঘটনাস্থলে সাব্বিরসহ তার বন্ধুরা গুরুতর আহত হয়।

এসময় স্থানীয়রা উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করলে কর্তব্যরত চিকিৎসক সাব্বিরকে মৃত ঘোষণা করে। খবর পাওয়া পর্যন্ত সাব্বিরের দুই বন্ধু আশংকাজনক অবস্থায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন আছে।

দর্শনায় নৌকা প্রতিক পেলেন মতিয়ার রহমান

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় পৌর নির্বাচনে দলীয় মনোনয়ন পেয়ে দলীয় প্রতিক নৌকার কান্ডারী হয়ে দর্শনাতে ফিরে বিশাল গাড়ি বহর এবং ফুলেল শুভেচ্ছায় মনোমুগ্ধ হলেন, দর্শনা পৌর আওয়ামীলীগের সভপাতি ও তিন বারের নির্বাচিত মেয়র মতিয়ার রহমান।

আসন্ন দর্শনা পৌরসভা নির্বাচনে মেয়র পদে আওয়ামী লীগের দলীয় নৌকা প্রতীক পেয়ে পৌর আওয়ামীলীগের সভাপতি মতিয়ার রহমান গতকাল সোমবার বেলা সাড়ে ১২ টার দিকে ঢাকা থেকে দর্শনায় নিজ নির্বাচনী এলাকায় পৌঁছে দলীয় ও সাধারণ মানুষের প্রাণ ঢালা ভালোবাসা পেয়ে তিনি বলেন, আমি আমার প্রাণের সংগঠন বাংলাদেশ আওয়ামীলীগ থেকে দলীয় ভাবে মনোনীত হয়ে নৌকার কান্ডারী হতে পেরে সর্বপ্রথম আমার সৃষ্টিকর্তা মহান আল্লাহ তায়ালার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি এবং তার পরেই হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, বাঙালি জাতির জনক সোনার বাংলার স্বপ্ন দ্রষ্টা শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা দেশ রত্ন বাংলাদেশ আওয়ামীলীগ এর সভানেত্রী মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনাকে এবং মনোনয়ন বোর্ডের সকলকে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। আমি আরও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি,

বাংলাদেশ আওয়ামীলীগ চুয়াডাঙ্গা জেলা শাখার শ্রদ্ধেয় সভাপতি ও চুয়াডাঙ্গা-১ আসনের মাননীয় সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন (এমপি), সহ-সভাপতি ও চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর (এমপি), দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মনজু সহ

দলের সকল পর্যায়ের নেতাকর্মী ও আমার প্রাণ প্রিয় দর্শনা পৌরবাসীকে।

তিনি আরও বলেন, আমি জানি দর্শনা বাসী আমাকে কতটা ভালোবাসে যার ফল আমার বার বার জয়লাভ এবং এইবারে তাদেরই দোয়াতে এবং অশেষ রহমতে আমি গতবারের মতো এবারও দল থেকে মনোনীত হয়ে আবারও নৌকার কান্ডারী হয়ে আপনাদের মাঝে এসেছি। আর আমার স্বপ্ন দর্শনা পৌরসভার যেভাবে উন্নয়ন কাজ অব্যাহত রেখেছি আপনাদের দোয়ায় পুনরায় নির্বাচিত হলে দর্শনা বাসীকে আরও বেশি উন্নয়ন করে দেখাতে চাই। আর যতোদিন বেঁচে আছি আমি আপনাদের সন্তান হয়ে আপনাদের সেবক হয়ে বেঁচে থাকতে চাই।

নৌকা জয়লাভ করায় চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের পক্ষ থেকে বিজয় মিছিল

চুয়াডাঙ্গা পৌরসভা নির্বাচনে জাহাঙ্গীর আলম মালিক খোকন নৌকায় জয়লাভ করায় চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের পক্ষ থেকে একটি বিজয় মিছিল করা হয়।

মিছিলটি চুয়াডা জেলা ছাত্রলীগের সভাপতি মোহাইমেন হাসান জোয়ার্দ্দার অনিক এর নেতৃত্বে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ এর কার্যালয় থেকে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় জেলা আওয়ালী লীগের কার্যালয়ে ফিরে আসে।

গতকাল রাত ৮টার দিকে এই বিজয় মিছিল বের হয়।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সহ-সভাপতি মোঃসাহাবুল হোসেন, সাবেক ক্রীড়া বিষয়ক সম্পাদক ফিরোজ জোয়ার্দ্দার, সাবেক সহ-সম্পাদক বাপ্পি, সাবেক অর্থ বিষয়ক সম্পাদক রিমন হোসেন, পৌর ছাত্রলীগের সাবেক যুগ্ম-সাধারণ সম্পাদক মনিরুজ্জামান মনি, পৌর ছাত্রলীগ সভাপতি জাবিদুল ইসলাম

জাবিদ, জেলা ছাত্রলীগের সাবেক প্রচার সম্পাদক আব্দুর রহমান, সাবেক গ্রন্থনা ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মেহেদী হাসান হিমেল মল্লিক, সাবেক স্কুল ও ছাত্র বিষয়ক সম্পাদক রাজু আহম্মেদ,

চুয়াডাঙ্গা সরকারি কলেজ,ছাত্রনেতা তানভির আহম্মেদ সোহেল, বঙ্গবন্ধু প্রজন্মলীগ চুয়াডাঙ্গার সাংগঠনিক সম্পাদক বরকত হাসান জোয়ার্দ্দা, ছাত্র পরিষদ চুয়াডাঙ্গার সাবেক আহবায়ক সাইফুল ইসলাম রানা, সদর উপজেলা ছাত্রলীগ নেতা রেদওয়ান আহম্মদে রানা, টোকন, মোমিন, জান্নাত, হোস্টেল ছাত্রলীগ নেতা জুয়েল রানা, আলিফনুর, ইসরাইল, মিরাজ, রহিম, রবিন, কবির,

কলেজ ছাত্রলীগের তরুণ ছাত্রনেতা হিরক, পাভেল, মিঠুন, সোহাগ, রিমন, রাজিব, সাব্বির, রাজু, ইমন, শাওন, রাব্বি, রাতুল, ফিরোজ, শাওন, আফরিজ, রিংকু, উজ্জল, আলামিন, তাজ, মেশা, অভি, রকি, বাধন, ইভন, আলিফ, বাবুল, সালামিন, মানিকসহ সরকারি কলেজ, পৌর, সদর উপজেলা, জেলা ও পৌর এলাকার নয়টি ওয়ার্ড থেকে আগত ছাত্রলীগের নেতা-কর্মীরা।

দর্শনায় পৌরসভা নিবার্চনকে সামনে রেখে বিএনপির দুইজন প্রার্থীর কেন্দ্রে দৌড় ঝাঁপ

দর্শনা পৌরসভা নিবার্চনকে সামনে রেখে বিএনপির দুইজন প্রার্থী এনামুল হক শাহ মুকুল ও হাবিবুর রহমান বুলেট কেন্দ্রে দৌড় ঝাঁপ করছে।

ইতোমধ্যে আওয়ামী লীগের ৩ বারের নিবার্চিত বর্তমান মেয়র মতিয়ার রহমান নৌকা প্রতীক নিয়ে এবং সতন্ত্র প্রার্থী প্রতিদিন ভোটারদের দ্বারে দ্বারে ঘুরছে। তখনও বিএনপি প্রার্থীদ্বয় কেন্দ্রীয় কামটির দিকে তাকিয়ে আছে।

তবে দুইজন প্রার্থী এনামুল হক শাহ মুকুল ও হাবিবুর রহমান বুলেটের

দাবী দলের যোগ্য প্রার্থীকে মনোনয়ন দেয়া হোক।

এদিকে গতকাল বিকাল সাড়ে ৪টায় বেশ কয়েজন হটাৎ করেই দর্শনা সোসাইট চত্বরে ১৪/১৫জন একটি নিবার্চনকে ঘিরে দ্বিমত সৃষ্টি করে এবং এনামুল হক শাহ মুকুলকে প্রার্থী দাবী করে বাবু খানকে নানা প্রশ্ন ছুড়ে দেন।

তবে বুলেট বলেন দল যাকে যোগ্য মনে করবেন তাকেই মনোনয়ন প্রদান করবেন। তবে কে পাবেন বিএনপি দলীয় মনোনয়ন ও ধানের শীষ প্রতীক তা এখন ৩০ ডিসেম্বর পর্যন্ত অপেক্ষা করতে হবে বলে প্রার্থীরা জানান।

তবে একটি সূত্র বলছেন হাবিবুর রহমান বুলেট হয়ত ধানের শীষ প্রতীক নিয়ে ভোট যুদ্ধে নামছেন।

আলমডাঙ্গায় মেয়র প্রার্থী হাসান কাদির গনুর গণসংযোগ

আসন্ন আলমডাঙ্গা পৌরসভা নির্বাচনে মেয়র প্রার্থী হিসেবে অংশ গ্রহণের লক্ষ্যে বর্তমান মেয়র ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদির গনু পৌরসভার বিভিন্নস্থানে নির্বাচনী গণসংযোগ করেছেন।

গতকাল সোমবার দিন ব্যাপী গণসংযোগ ও সন্ধ্যা ৭ টার দিকে পৌর এলাকার বাবুপাড়া এলাকায় নির্বাচনী আলোচনা সভায় অংশ গ্রহণ করেন। এসময় তিনি বিভিন্ন চায়ের দোকান, কাপড়ের দোকান, মুদি দোকানসহ বিভিন্ন ব্যবসায় প্রতিষ্ঠানে সাধারণ নাগরিকদের সাথে কুশল বিনিময় করেন এবং তাদের খোঁজ খবর নেন।

নির্বাচনী গণসংযোগে হাসান কাদির গনু বলেন, আলমডাঙ্গা পৌরসভার রাস্তা-ঘাট, ব্রীজ-কালভার্ট, সুপেয় পানি, সোলার বাতি, বাইপাস সড়কসহ বিভিন্ন উন্নয়ন কাজ চলমান রয়েছে। আগামী ১ মাসের মধ্যে রাস্তা, ড্রেন ও পাবলিক টয়লেটের কাজ চলমান আছে। কিছু দিনের মধ্যেই শুরু হচ্ছে সুপেয় পানি সরবরাহ।

আগামী পৌর নির্বাচনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা আওয়ামী লীগ সভানেত্রী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মনোনীত প্রার্থীকে বিজয়ী করার আহবান জানান।

এসময় উপস্থিত ছিলেন, কাজি রেজাউল, মুন্না হোসেন, আনিসুর রহমান, সামিম মাস্টার, চন্দন, নুর আলম, মাজেদ ভূইয়া, সোহেল, সাকিব প্রমুখ।

আলমডাঙ্গায় মাসিক আইন শৃঙ্খলা কমিটির সভা

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে মাসিক আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্টিত হয়েছে। গতকাল সোমবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা পরিষদ হলরুমে এ সভা অনুষ্টিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলীর সভাপতিত্বে, অনুষ্টানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আয়ুব হোসেন।
তিনি বলেন, আমি মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাস করি, আমার বিশ্বাস বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা একদিন প্রতিষ্টা লাভ করবে, তার সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনা বাংলাদেশকে ক্ষুধা মুক্ত, দারিদ্রমুক্ত দেশ হিসেবে পরিচিত করাবে।

আপনাদের সকলকে ধন্যবাদ জানাই যে বর্তমানে আলমডাঙ্গায় আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল আছে, বিশেষ করে বর্তমান ওসি সাহেব আইন শৃঙ্খলা পরিস্থিতি ভলা রাখতে স্বর্বাত্বক চেষ্টা করছে, আমি তাকে ধন্যবাদ জানাই। আলমডাঙ্গায় বাল্যবিবাহ বন্ধে প্রশাসনের ভুমিকা প্রশংসনীয়, মাদক কে আমরা সকলে বয়কট করতে চাই, আশা করি আপনারা আমাদের সহযোগীতা করবেন।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপসিস্থত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মার্জাহান নিতু , থানা সেকেন্ড অফিসার সঞ্জিত কুমার মন্ডল, জেলা চেয়ারম্যান

[redacted]

[redacted]